

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণপূর্ত অধিদপ্তর
প্রগতি শাখা

বিষয়	:	জুন/২০১৬ প্রাক-সমন্বয় সভার কার্যবিবরণী
সভাপতি	:	জনাব মোঃ খোরশেদ আলম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)
তারিখ ও সময়	:	০৯/০৬/২০১৬ ইং, বৃহস্পতিবার, দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	:	প্রধান প্রকৌশলীর সভাকক্ষ
উপস্থিতি তালিকা	:	সংযুক্ত

সভাপতি সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিষয়ভিত্তিক আলোচনার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে পরামর্শ দেন। আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

আলোচ্যসূচী-১ : বিভিন্ন অনিস্পন্ন বিষয় সংক্রান্ত :

আলোচনা : সভায় জানানো হয় গণপূর্ত অধিদপ্তর সম্পর্কিত ১০৫টি অনিস্পন্ন আইটেমের মধ্যে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) এর আওতাধীন ০৯টি, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন) এর আওতাধীন ৭১টি এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অডিট এন্ড মনিটরিং) এর আওতাধীন ২৫টি আইটেম রয়েছে। এ পর্যায়ে সভাপতি বলেন, অনিস্পন্ন বিষয়সমূহ গুরুত্বের সাথে নিস্পন্ন করার সকল উদ্যোগ অব্যাহত রাখতে হবে।

ধানমন্ডি আবাসিক এলাকার ১৩৭ (পুরাতন)নম্বর প্লটের বিষয়ে ২৯-১১-২০১১ তারিখে নির্বাহী প্রকৌশলী, ঢাকা গণপূর্ত বিভাগ-২ এর নিকট যাচিত প্রতিবেদন দীর্ঘ দিনেও প্রেরণ না করার বিষয়ে সভায় জানানো হয় জমির মালিককে প্রয়োজনীয় কাগজ পত্র দাখিলের জন্য গণপূর্ত বিভাগ-২, ঢাকা হতে পত্র প্রদান করা হয়েছে। কিন্তু মালিক পক্ষ হতে কোন প্রকার কাগজ পত্র অদ্যাবধি দাখিল করা হয়নি। সর্বশেষ ০১/০৬/২০১৬ তারিখেও তাগিদ প্রদান করা হয়েছে। কোন প্রকার কাগজ পত্র না পাওয়ায় কাঙ্ক্ষিত প্রতিবেদন প্রেরণে বিলম্ব হচ্ছে। সভাপতি বর্তমান কাগজ পত্রের উপর প্রাথমিক প্রতিবেদন প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন।

গণপূর্ত অধিদপ্তরের নিকট অনিস্পন্ন বিষয়সমূহের ওপর অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সমন্বয় ও সংস্থাপন) গণপূর্ত অধিদপ্তরের সভাপতিতে সংশ্লিষ্ট সকল নির্বাহী প্রকৌশলীর সমন্বয়ে সভা করে অনিস্পন্ন বিষয় দ্রুত নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ লক্ষ্যে একটি সভা হয়েছে। সভার কার্য বিবরণী মন্ত্রণালয়ে প্রেরণের উপর সভাপতি গুরুত্ব আরোপ করেন।

সভায় জানানো হয় অনিস্পন্ন বিষয় Single digit এ নামিয়ে আনার ব্যাপারে গণপূর্ত অধিদপ্তর সচেতন রয়েছে। তাছাড়া যে সকল বিষয় অনিস্পন্ন অবস্থায় রয়েছে, সেগুলো প্রেরণের সময়সীমা নির্দিষ্ট করার উপর সভাপতি গুরুত্ব আরোপ করেন। তিনি তিন মাসের উর্ধ্বে অনিস্পন্ন বিষয়গুলো নিস্পত্তি না হওয়ার কারণ সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করার উপরও গুরুত্ব আরোপ করেন।

সিদ্ধান্ত : (ক) যে সমস্ত অনিস্পন্ন বিষয়ের প্রতিবেদন এখনও মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি, তা জরুরী ভিত্তিতে প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে হবে।

(খ) ধানমন্ডি আবাসিক এলাকার ১৩৭ (পুরাতন)নম্বর প্লটের ব্যাপারে জরুরী ভিত্তিতে বিদ্যমান কাগজ পত্রের উপর ভিত্তি করে জরুরী ভাবে একটি প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।



